গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
(মেট্রোরেলের স্বত্বাধিকারী প্রতিষ্ঠান)
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল- ১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং- ডিএমটিসিএল/প্রশা:/কর্মকর্তা নিয়োগ/৪৮২/২০১৮-৫৬৭ তারিখ: ১৭/০৪/২০১৮খ্রিস্টাব্দ

বিষয়ঃ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বিভিন্ন পদে কর্মকর্তা নিয়োগ বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় প্রকাশ।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বিভিন্ন পদে কর্মকর্তা নিয়োগ বিজ্ঞপ্তি-২ তাঁর বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় আগামি ০৩ (তিন) দিনের মধ্যে ভিতরের পাতায় (সাদা-কালো) ৩ কলাম প্রস্থে × ১৭ ইঞ্চি দৈর্ঘ্যে একদিন মাত্র সকল এডিশনে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল। পত্রিকায় প্রকাশের পর ০২ (দুই) টি সৌজন্য কপিসহ বিল নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে অনুরোধ করা হল। বিল চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে-০২ পাতা।

১৭.০৪.২০১৮
(মোহাম্মদ হারুন-অর-রশীদ)
কোম্পানি সচিব
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

১। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক বাংলাদেশ প্রতিদিন
প্লট নং-৩৭১/এ, ব্লক-ডি
বসুন্ধরা আবাসিক এলাকা
বারিধারা, ঢাকা-১২২৯

২। Manager (Advertisement)
New Age
Hamid Plaza (4th floor), 300/5/A/1, Bir Uttam CR
Datta Road, Hatirpool, Dhaka-1205

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সিস্টেম্ এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়। তাঁকে সংযুক্ত বিজ্ঞপ্তিটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
২। উপ-প্রকল্প পরিচালক (গণসংযোগ), ডিএমআরটিডিপি। তাঁকে সংযুক্ত বিজ্ঞপ্তিটি ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৩। জনাব মোহাম্মদ আশরাফুল আমিন, ন্যাশনাল কনসালটেন্ট, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়। তাঁকে সংযুক্ত বিজ্ঞপ্তিটি বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন-এর ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৪। অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড
(মেট্রোরেলের স্বত্বাধিকারী প্রতিষ্ঠান)
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল- ১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং- ডিএমটিসিএল/প্রশা:/কর্মকর্তা নিয়োগ/৪৮২/২০১৮-৫৬৬ তারিখ: ১৭/০৪/২০১৮খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি - ২

শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) - এর নিম্নলিখিত শূণ্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত কোম্পানির আকর্ষণীয় বেতন স্কেলে যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| Wing: Operation & Maintenance | | | | | Department: Rolling Stock | |
|---|---|---|---|---|---|---|
| Sl. No. | Name of the Posts | Number of Post(s) | Company Pay Grade | Qualification(s) | Experience(s) | Age Limit |
| 1 | Deputy General Manager (Inspection) | 1 | 5 | Bachelor Degree in Electrical & Electronic Engineering (EEE) | 15 years working experience in Operation and Maintenance of Rolling Stock in MRT or Railway in Home or Abroad | 50 years |
| 2 | Deputy General Manager (Workshop) | 1 | 5 | Bachelor Degree in Mechanical Engineering | | |
| 3 | Assistant Manager (Planning/Training/Budget) | 1 | 9 | Bachelor Degree in Mechanical Engineering | Experience in MRT system or Railway system will get preference | 35 years |
| 4 | Assistant Manager (Inspection) | 1 | 9 | | | |
| 5 | Assistant Manager (Mechanical) [Aircon & Door] | 1 | 9 | | | |
| 6 | Assistant Manager (Mechanical) [Bogie & Pneumatics] | 1 | 9 | | | |
| 7 | Assistant Manager (Mill Wright) | 1 | 9 | | | |
| 8 | Assistant Manager (Inspection & Planning Monitoring) | 1 | 9 | Bachelor Degree in Electrical & Electronic Engineering (EEE) | Experience in MRT system or Railway system will get preference | 35 years |
| 9 | Assistant Manager (Electrical) | 1 | 9 | | | |
| 10 | Section Engineer (Mechanical) [Rolling Stock] | 6 | 11 | 4 years Diploma in Mechanical Engineering with CGPA 3.5 and above<br><br>At least Six months computer course on Networking | - | 35 years |
| 11 | Section Engineer (Electrical) [Rolling Stock] | 3 | 11 | 4 years Diploma in Electrical Engineering or Electronic Engineering with CGPA 3.5 and above<br><br>At least Six months computer course on Networking | - | 35 years |
| | Total | 18 | | | | |

শর্তসমূহঃ

১. সকল প্রার্থীকে সরকার নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নের website: www.bangladesh.gov.bd, জনপ্রশাসন মন্ত্রণালয়ের website: www.mopa.gov.bd, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের website: www.rthd.gov.bd এবং Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর website: www.dmtc.org.bd হতে সংগ্রহ করা যাবে।

২. আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি **প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত)** কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবেঃ

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি;

(খ) জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;

(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি; এবং

(ঘ) সকল প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের ছায়ালিপি।

অপর পৃষ্টায় দ্রষ্টব্য

৩. আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদির **মুল কপি** সংযুক্ত করতে হবেঃ

(ক) চারিত্রিক সনদপত্র; এবং

(খ) প্রার্থীর নিজ এলাকার স্থানীয় পরিষদ প্রধান (যেমনঃ সিটি কর্পোরেশন মেয়র বা কাউন্সিলর, পৌরসভার মেয়র বা কমিশনার অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান) কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানার সনদপত্র।

৪. একজন প্রার্থী কেবলমাত্র ০১ (এক) টি পদে আবেদন করতে পারবেন। তবে কোম্পানি কর্তৃপক্ষ প্রয়োজনে একই যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন এবং সকল ধাপে উত্তীর্ণ প্রার্থীকে কোম্পানির একই Pay Grade- এর সমপদে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ করতে পারবে।

৫. শিক্ষাক্ষেত্রে কোন পর্যায়ে ৩য় শ্রেণী/বিভাগ এবং সমমানের জিপিএ ফলাফল প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

৬. পরীক্ষার ফি বাবদ **'ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড'** - এর অনুকূলে Serial-1 হতে Serial-9 এর জন্য ১,০০০/- (এক হাজার) টাকার এবং Serial-10 ও Serial-11 এর জন্য ৭০০/- (সাতশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জনতা ব্যাংক বা সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে করে মূল কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৭. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তির তারিখ পর্যন্ত প্রার্থীর বয়স গণনা করা হবে । বয়সের ক্ষেত্রে কোনো এফিডেফিট গ্রহণযোগ্য নয় ।

৮. নিয়োগের ক্ষেত্রে সরকারী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। কোটায় আবেদনকারী প্রার্থীদের সরকারী বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত করে আবেদন পত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় কোটার সুযোগ প্রদান করা হবে না।

৯. প্রতিবন্ধী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত প্রতিবন্ধী সনদপত্রের ছায়ালিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত করে আবেদন পত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় আবেদন বিবেচনায় নেয়া হবে না।

১০. খামের উপর বাম দিকে পদের নাম, নিজ জেলার নাম ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে ।

১১. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/প্রকল্প/কোম্পানিতে কর্তব্যরত আগ্রহী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১২. আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের শুধুমাত্র মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় ডাকা হবে। কোন পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না ।

১৩. চূড়ান্তভাবে মনোনিত প্রার্থীকে কোম্পানির নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্যপরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৪. লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম আনতে হবে। প্রবেশ পত্রে প্রদত্ত নির্দেশনা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৫. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদ, অভিজ্ঞতা ও প্রশিক্ষণের মূল কপি প্রদর্শন করতে হবে ।

১৬. আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ ইচ্ছা করলে পদ সংখ্যা হ্রাস/ বৃদ্ধি করতে পারবে ।

১৭. যে কোনো বা সকল দরখাস্ত বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা কোম্পানি কর্তৃপক্ষ সংরক্ষণ করে ।

১৮. কোম্পানি কর্তৃপক্ষ, সরকারী বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে । কোম্পানি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৯. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

২০. যে কোন ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২১. (ক) আবেদনপত্র আগামি **১৫.০৫.২০১৮** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কেবলমাত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে **'ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল- ১৪, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০'**- এর বরাবরে পৌঁছাতে হবে ।

(খ) হাতে হাতে কোনো দরখাস্ত দাখিল করা যাবে না । নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না ।

(গ) প্রার্থীকে নিজ বর্তমান ঠিকানা স্পষ্টভাবে ৯" × ৪" আকারের খামের উপরে লিখে বা টাইপ করে উহাতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে ।

২২. উপরের ক্রমিক-১ থেকে ক্রমিক-২১ তে বর্ণিত শর্তসমূহ পূরণকারী Non-Resident Bangladeshi (NRB) গণও আবেদন করতে পারবেন। এ ক্ষেত্রে আবেদনের সাথে প্রার্থীকে Non-Resident Bangladeshi (NRB) হিসেবে প্রমাণপত্রের ছায়ালিপি সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন হতে সত্যায়িত করে আবেদনের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

২৩. প্রথমে ০২ (দুই) বছরের প্রবেশনে (শিক্ষানবিশকাল) নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশকালে কর্মসক্ষমতা ও দক্ষতা সন্তোষজনক না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরি হতে অব্যাহতি দেয়া হবে। প্রবেশনকাল সফলতার সাথে সম্পন্ন করলে চাকুরি নিশ্চিত করে পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। ব্যক্তিগত কর্মসক্ষমতা ও দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে পরবর্তীতে চাকুরি চুক্তি নবায়ন করা হবে।

(মোহাম্মদ হারুন-অর-রশীদ)
কোম্পানি সচিব
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড